**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 17-03-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, পিএম সূর্যঘর মুফত বিজলী যোজনায় চলতি অর্থবছরে রাজ্যে ৫০ হাজার সোলার প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লুক্সোন যৌথভাবে আজ নয়াদিল্লিতে রাইসিনা সংলাপ ২০২৫-এর সূচনা করেন ।**

**(৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় সরকার নাগরিকদের দ্রুত ও স্বচ্ছ বিচার ব্যবস্থা প্রদানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ ।**

**(৪) রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন সরকার রেল পরিকাঠামো উন্নত করতে এবং সাশ্রয়ী মূল্যের ভ্রমণের সুবিধা দিতে বেশ কয়েকটি পদক্ষেপ নিয়েছে ।**

*******************************************

**PM Suryaghar Mufta Bijli Yojana :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, পিএম সূর্যঘর মুফত বিজলী যোজনায় চলতি অর্থবছরে রাজ্যে ৫০ হাজার সোলার প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। ইতিমধ্যে ১২ হাজার ৮০০টি সোলার প্ল্যান্ট স্থাপনের কাজ শেষ হয়েছে। আজ জিরানীয়া মহকুমার রাণীরগাঁও বিদ্যালয় প্রাঙ্গণে পিএম সূর্যঘর মুফত বিজলী যোজনার রেজিস্ট্রেশান ক্যাম্পের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, 'প্রধানমন্ত্রী সূর্যঘর মুফত বিজলী যোজনা' বিদ্যুৎ সাশ্রয় এবং নিজস্ব পারিবারিক আয় বৃদ্ধিতে সহায়ক হবে। তিনি

সকলকে এই যোজনার সুবিধা গ্রহণ করার আহ্বান জানিয়ে বলেন, এই যোজনার মূল উদ্দেশ্য হল বাড়ির ছাদ ব্যবহার করে আবাসিক পরিবারগুলিকে তাদের নিজস্ব বিদ্যুৎ উৎপাদনে সক্ষম করা।

উপস্থিত ছিলেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সহ সভাধিপতি বিশ্বজিৎ শীল, জিরানীয়া নগরপঞ্চায়েতের চেয়ারপার্সন রতন কুমার দাস, জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রীতম দেবনাথ।

***************************

**Raisina Dialogue :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লুক্সোন যৌথভাবে আজ নয়াদিল্লিতে রাইসিনা সংলাপ ২০২৫-এর সূচনা করেন। নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লুক্সোন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রশংসা করে বলেন, ভারত ও নিউজিল্যান্ড অর্থনৈতিকভাবে বিশ্বের সবচেয়ে গতিশীল অঞ্চলের অংশ হতে পেরে সৌভাগ্যবান। তিনি বলেন, আগামী বছরগুলোতে বৈশ্বিক অর্থনীতির দুই-তৃতীয়াংশই হবে ইন্দো-প্যাসিফিক অঞ্চল এবং ২০৩০ সালের মধ্যে বিশ্বের মধ্যবিত্ত অংশের ভোক্তাদের দুই-তৃতীয়াংশের আবাসস্থল হবে ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল।

*******************************

**Rajib Bhattacharjee-Rajya Sabha :**

সাংসদ রাজীব ভট্টাচার্য বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আন্তরিক প্রচেষ্টায় ত্রিপুরা সহ গোটা উত্তর পূর্বাঞ্চলে রেল পরিষেবার দ্রুত বিস্তার হচ্ছে। আজ রাজ্যসভায় কেন্দ্রীয় রেল বাজেট নিয়ে আলোচনাকালে তিনি একথা বলেন। তিনি বলেন ২০১৪ সালে নরেন্দ্র মোদী প্রধানমন্ত্রীর দ্বায়িত্বভার গ্রহণ করার পর ২০১৬ সালে ত্রিপুরায় প্রথম ব্রডগেজ রেল পরিষেবার কাজ চালু হয়। ত্রিপুরায় রেলে বৈদ্যুতিকরণের ৮৬ শতাংশ কাজ ইতিমধ্যে সম্পন্ন হয়ে গেছে। খুব শীঘ্রই বন্দে ভারত রেল পরিষেবা ত্রিপুরাতেও চালু

হবে বলে তিনি আশা প্রকাশ করেন। শ্রী ভট্টাচার্য উত্তর পূর্বাঞ্চল সহ গোটা দেশে রেল পরিষেবার অগ্রগতির তথ্য তুলে ধরেন।

#########Byte-Rajib Bhattacharjee#######

************************************

**WAVES :**

আগামী পয়লা থেকে চৌঠা মে, দেশে প্রথম বারের মতো অনুষ্ঠিত হতে চলছে ওয়ার্ল্ড অডিও ভিজ্যুয়াল অ্যান্ড এন্টারটেইনমেন্ট সামিট ওয়েভস ২০২৫ অর্থাৎ বিশ্ব শ্রুতি-দৃশ্য ও বিনোদন শিখর সম্মেলন। গণ মাধ্যম ও বিনোদন শিল্প ক্ষেত্রের জন্য এটি এক মাইলফলক অনুষ্ঠান হতে চলেছে। তথ্য ও সম্প্রচার মন্ত্রকের উদ্যোগে চারদিনের এই অনুষ্ঠান আয়োজিত হবে মহারাষ্ট্রের মুম্বাইয়ে জিও কনভেনশন সেন্টারে।

'ওয়েভস-২০২৫' শীর্ষ সম্মেলনের মূল আকর্ষণ হিসেবে থাকবে গ্লোবাল মিডিয়া ডায়ালগ, যেখানে মন্ত্রীরা এবং নীতিনির্ধারকরা মিডিয়া ভবিষ্যতের নীতি নির্ধারণ করবেন। এছাড়া ওয়েভস প্রদর্শনী, ভারত প্যাভিলিয়ন, 'ওয়েভস-বাজার' এবং ওয়েভ-এক্সেলারেটরের মাধ্যমে মিডিয়া স্টার্টআপদের জন্য বিনিয়োগ এবং পরামর্শের সুযোগ থাকবে। 'ওয়েভস-২০২৫' বিশ্বব্যাপী মিডিয়া ও বিনোদন শিল্পকে একত্রিত করে নতুন সহযোগিতার পথ খুলে দেবে।

তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সচিব সঞ্জয় জাজু বলেন, ওয়েভস-২০২৫' হল বিশ্বের মিডিয়া ও বিনোদন শিল্প দুনিয়ার জন্য প্রথম সার্বিক প্ল্যাটফর্ম, যেখানে ঐতিহ্যবাহী এবং আধুনিক মিডিয়া একসঙ্গে কাজ করবে। সরকারের লক্ষ্য হল বিশ্বব্যাপী অংশীদারিত্ব গড়ে তোলা এবং ভারতের সমৃদ্ধ সংস্কৃতি ও প্রযুক্তিকে কাজে লাগিয়ে মিডিয়া ও বিনোদন শিল্প ক্ষেত্রে নতুন নতুন কনটেন্ট নির্মাণ করার জন্য সহায়ক মঞ্চ তৈরী করা।

************************************

**Congress Press Meet :**

মহিলাদের জন্য সব ক্ষেত্রে ৩৩ শতাংশ আসন সংরক্ষণ সহ বিভিন্ন দাবিতে আগামী ২৩শে মার্চ থেকে ২৯শে মার্চ পর্যন্ত রাজ্যব্যাপী আন্দোলন কর্মসূচী পালন করবে প্রদেশ মহিলা কংগ্রেস। আজ আগরতলায় কংগ্রেস ভবনে সাংবাদিক সম্মেলনে এ কথা জানান কংগ্রেস মুখমাত্র প্রবীর চক্রবর্তী। মহিলা কংগ্রেস নেত্রী শর্বাণী ঘোষ চক্রবর্তী জানান, আগামী ২৩ মার্চ ধর্মনগরে ২৫ মার্চ উদয়পুর, ২৭ মার্চ তেলিয়ামুড়া ও ২৯ মার্চ আগরতলায় আন্দোলন কর্মসূচী পালন করবে মহিলা কংগ্রেস।

*****************************

**CITU :**

অল ইন্ডিয়া রোড ট্রান্সপোর্ট ওয়ার্কারস ফেডারেশন ত্রিপুরা রাজ্য কমিটির উদ্যোগে মোটর শ্রমিকদের স্বার্থসংশ্লিষ্ট ১৬ দফা দাবিতে আগামী ২৪শে মার্চ লোকসভা অভিযানকে সংহতি জানিয়ে আজ আগরতলায় মিছিল সংঘটিত করে। সি আই টি ইউ অফিস প্রাঙ্গণ থেকে মিছিল শুরু হয় শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে পুরনো মোটরস্ট্যান্ডে শেষ হয়।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*******************************

**New Criminal Laws :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় সরকার নাগরিকদের দ্রুত ও স্বচ্ছ বিচার ব্যবস্থা প্রদানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। তিনি গতকাল গুয়াহাটিতে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যসমূহে নতুন তিন ফৌজদারি আইন রূপায়ণের সর্বশেষ পরিস্থিতি নিয়ে পর্যালোচনা বৈঠকে একথা বলেন। তিনি বলেন, আইন-শৃঙ্খলা পরিস্থিতিকে মজবুত করার জন্য কাল বিলম্ব না করে অপরাধ নথিভুক্ত করা অপরিহার্য। উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিকে নতুন ফৌজদারি আইন রূপায়ণের জন্য আরও বেশি প্রয়াস নিতে হবে। শ্রী শাহ বলেন, একবার এই আইনগুলি সম্পূর্ণরূপে প্রয়োগ করা শুরু হলে, এই অঞ্চলের আইন-শৃঙ্খলা পরিস্থিতির মধ্যে উল্লেখযোগ্য রূপান্তর আসবে। যে কোনও মামলায় এফ.আই.আর দায়ের হওয়ার তিন বছরের মধ্যে সুপ্রিমকোর্ট ন্যায়বিচার প্রদান করবে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী বলেন, সন্ত্রাসবাদ, গণপিটুনি এবং সংগঠিত অপরাধ সম্পর্কিত মামলা দায়ের করার ক্ষেত্রে কোনও রাজনৈতিক হস্তক্ষেপ উচিত নয়। তিনি বলেন, সমস্ত উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিকে নতুন ফৌজদারি আইন সম্পর্কে পুলিশ কর্মীদের প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে। শ্রী শাহ উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির মুখ্যমন্ত্রীদেরকে প্রতি মাসে একবার এই আইনসমূহের রূপায়ণ নিয়ে পর্যালোচনা বৈঠক করার অনুরোধ জানান। তিনি পুলিশের মহানির্দেশক এবং রাজ্যগুলির মুখ্যসচিবদের প্রতি ১৫ দিন অন্তর একটি পর্যালোচনা বৈঠক করার নির্দেশ দিয়েছেন।

*******************************

**Ashwini Vaishnaw :**

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন যে সরকার রেল পরিকাঠামো উন্নত করতে এবং যাত্রীদের আরামদায়ক এবং সাশ্রয়ী মূল্যের ভ্রমণের সুবিধা দিতে বেশ কয়েকটি পদক্ষেপ নিয়েছে। তিনি বলেন যে রেলওয়ে দেশে রেল দুর্ঘটনা হ্রাস করার দিকে লক্ষ্য রেখে গত ১০ বছরে ৫ লক্ষ কর্মসংস্থান

সৃষ্টি করেছে। গতকাল রাজ্যসভায় রেল মন্ত্রকের কাজকর্ম নিয়ে আলোচনার জবাবে মন্ত্রী এই কথা বলেন।

শ্রী বৈষ্ণব বলেন যে ২০২০ সাল থেকে যাত্রী ভাড়া বৃদ্ধি করা হয়নি। তিনি বলেন যে  রেল মন্ত্রক নতুন রেলপথ স্থাপন এবং পুরানো রেলপথ য়প্রতিস্থাপনের জন্য ক্রমাগত কাজ করছে, যার ফলে ট্রেনের নিরাপত্তা উল্লেখযোগ্যভাবে উন্নত হয়েছে। শ্রী বৈষ্ণব উল্লেখ করেন যে ২০০৫-২০০৬ সাল থেকে রেল দুর্ঘটনা ৯০ শতাংশ কমেছে। তিনি আরও বলেন যে সরকার রেল দুর্ঘটনা আরও কমাতে কঠোর প্রচেষ্টা চালাচ্ছে। তিনি বলেন যে রেলওয়ে সারা দেশের প্রধান স্টেশনগুলিতে ৬০টি স্থায়ী হোল্ডিং এরিয়া স্থাপন করে ভিড়ের মরসুমে আরও ভালো ভিড় ব্যবস্থাপনার জন্য কাজ করছে। তিনি উল্লেখ করেন যে মহাকুম্ভের সময় ২৩টি স্থায়ী হোল্ডিং এরিয়া স্থাপন করা হয়েছিল এবং মহাকুম্ভের সময় চার কোটি ৫০ লক্ষেরও বেশি যাত্রী রেলে ভ্রমণ করেছেন।রেলওয়ের সাফল্য তুলে ধরে মন্ত্রী বলেন, রেলওয়ে অন্যান্য দেশে সরঞ্জাম ও যন্ত্রাংশ রপ্তানি করছে, যা দেশের উৎপাদন দক্ষতার ক্রমবর্ধমান প্রতিফলন। তিনি বলেন, এই আর্থিক বছরে ১,৪০০টি লোকোমোটিভ তৈরি করা হয়েছে।

########Byte- Ashwini Vaishnaw########

************************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে মার্চ রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২০তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। জনগনের পরামর্শ এমাসের ২৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা

হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সিপাহীজলা, গোমতী, দক্ষিণ জেলা এবং ধলাই জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করা হয়েছে। বাকি জেলাগুলিতে বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করা হয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২.৮ ডিগ্রি সেলসিয়াস।

***************************